

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প-২য় পর্যায়  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫  
[www.brdb.gov.bd](http://www.brdb.gov.bd)




স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.১১.০১৪.২১. ৫২

তারিখ: ২০/০১/২০২২ খ্রি.

বিষয়: ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি বিগত ১৭/০১/২০২২ খ্রি. তারিখে গদখালি সদীর পাড়া পল্লী উন্নয়ন মহিলা সমিতি, ইরেসপো, বিআরডিবি, ঝিকরগাছা, যশোর এর সুফলভোগী সদস্যের নামে ১,০০,০০০.০০ টাকা উদ্যোক্তা ঋণের প্রস্তাব প্রেরণ করেছেন। প্রেরিত পত্র যাচাইকালে দেখা যায় যে, পত্রের ১ম অংশে সদস্যের নাম মোছাঃ আরজুয়ারা এবং বিস্তারিত তথ্যে সদস্যের নাম মোছাঃ নাজিরা খাতুন, আইডি নং- ৪০০৪২৩৩২৪০ উল্লেখ করেছেন। সদস্যের সঠিক নাম হবে মোছাঃ আরজুয়ারা, আইডি নং- ৪০০৪২৩৩২৪০ যিনি ১ম দফায় ১৫,০০০.০০ টাকা ও ২য় দফায় ২৫,০০০.০০ টাকা অর্থাৎ ২ দফায় ৪০,০০০.০০ টাকা ঋণ গ্রহণ করে পরিশোধ করলেও নিয়মিতভাবে কিস্তিতে পরিশোধ করেননি। এছাড়া আপনার দায়িত্বে অবহেলা ও অদক্ষতার কারণে প্রকল্প/কর্মসূচির কার্যক্রম ব্যহতসহ ঋণ খেলাপীর পরিমাণ বৃদ্ধি পাচ্ছে।

এমতাবস্থায়, আপনার এহেন দায়িত্ব পালনে অবহেলা, অদক্ষতা অর্থাৎ অফিস শৃঙ্খলা পরিপন্থী কার্যক্রমের জন্য কেন আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করাসহ চুক্তিভিত্তিক নিয়োগ হতে অপসারণ করা হবে না তার জবাব আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে বলা হলো।

  
মুহাম্মদ মাহবুব আলম  
উপপ্রকল্প পরিচালক  
ফোন নং ০২৮১৮৯০২৯

জনাব মোঃ শহিদুল্লাহ লিমন  
সহকারী পল্লী উন্নয়ন অফিসার (ইরেসপো)  
বিআরডিবি, ঝিকরগাছা, যশোর।

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.১১.০১৪.২১. ৬২


তারিখ: ২০/০১/২০২২ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপ্রকল্প পরিচালক, বিআরডিবি, যশোর।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ঝিকরগাছা, যশোর।
৪. সহকারী পরিচালক (প্রশাসন), ইরেসপো, বিআরডিবি, ঢাকা {জনাব মোঃ শহিদুল্লাহ লিমন, সহকারী পল্লী উন্নয়ন অফিসার (ইরেসপো), বিআরডিবি, ঝিকরগাছা, যশোর এর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য}।
৫. অফিস নথি।

সদয় অবগতির জন্য:

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।

  
মুহাম্মদ মাহবুব আলম  
উপপ্রকল্প পরিচালক